



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
এন্টি টেররিজম ইউনিট
বাড়ি নং-৩৫, সোহরাওয়ার্দী এভিনিউ, ব্লক-কে, বারিধারা, ঢাকা-১২১২।
www.atu.police.gov.bd



স্মারক নং- পিআর ৯০/২২

তারিখঃ ০৫ মাঘ ১৪২৮ বঙ্গাব্দ
১৯ জানুয়ারি ২০২২ খ্রিস্টাব্দ

প্রেস বিজ্ঞপ্তি

বিষয় : এন্টি টেররিজম ইউনিট কর্তৃক নিষিদ্ধ ঘোষিত জঙ্গি সংগঠন “আল্লাহর দল” এর ০১ (এক) সক্রিয় সদস্য গ্রেফতার।

এন্টি টেররিজম ইউনিট (এটিইউ) এর একটি চৌকস দল গোপন সংবাদের ভিত্তিতে ১৮ জানুয়ারি ২০২২ খ্রি. তারিখ ১৭.২০ ঘটিকার সময় বিশেষ অভিযান পরিচালনা করে সাভার থানাধীন রামচন্দ্রপুর ছাকিপাড়া এলাকা হতে নিষিদ্ধ ঘোষিত জঙ্গি সংগঠন “আল্লাহর দল” এর ০১ (এক) সক্রিয় সদস্যকে আটক করেছে। আটককৃত সদস্যের নাম: আতিকুর রহমান সুইট (৫৫), পিতা: মৃত খলিলুর রহমান, স্থায়ী ঠিকানা: গ্রাম- আহম্মেদপুর, থানা- আমিনপুর, জেলা- পাবনা, বর্তমান ঠিকানা: গ্রাম- ফুলবাড়ীয়া রামচন্দ্রপুর (ছাকিপাড়া), থানা- সাভার, জেলা- ঢাকা। বর্তমানে সে ইমপেক্স ল্যাবরেটরী কোম্পানীতে কর্মরত। গ্রেফতারকালে এন্টি টেররিজম ইউনিট তার নিকট থেকে ০১ টি বাটন মোবাইল সেট জব্দ করেছে।

গ্রেফতারকৃত আতিকুর রহমান সুইট রাষ্ট্রবিরোধী ষড়যন্ত্রের মাধ্যমে বাংলাদেশে খিলাফত প্রতিষ্ঠা করার উদ্দেশ্যে দীর্ঘদিন ধরে বিভিন্ন কার্যক্রম পরিচালনা করে আসছিল। তাছাড়া নিজেদের মতবাদ প্রচারের মাধ্যমে অনলাইনে “আল্লাহর দল” এর পক্ষে সদস্য সংগ্রহের কাজ করে আসছিল।

গ্রেফতারকৃত আতিকুর রহমান সুইট, ডিএমপি তেজগাঁও থানার মামলা নং-১৪, তাং-০৪/০২/২০২১ খ্রি., ধারা-সন্ত্রাস বিরোধী আইন ২০০৯ (সংশোধনী-২০১৩)-এর ৬(২)/৮/৯(৩)/১০/১১/১২ এর স্বীকারোক্তিমূলক জবানবন্দীতে এবং তদন্তে প্রাপ্ত পলাতক আসামী। তার বিরুদ্ধে পরবর্তী আইনানুগ ব্যবস্থা প্রক্রিয়াধীন।

১৯/০১/২০২২

(মোহাম্মদ আসলাম খান)

পুলিশ সুপার

মিডিয়া অ্যান্ড অ্যাওয়ারেনেস উইং

এন্টি টেররিজম ইউনিট,

বাংলাদেশ পুলিশ ঢাকা

Email: atu.spma@police.gov.bd